সংবাদ

তারিখ 4 MAR 2003
পৃষ্ঠা ১২ কলাম

কুমিল্লায় শিক্ষা প্রতিমন্ত্রী

# নকলের সঙ্গে জড়িত শিক্ষকদের এমপিও বাতিল করা হবে

ইশতিয়াক হুসাইন, কুমিল্লা থেকে ফিরে ঃ আসন্ন এসএসসি পরীক্ষাকে সামনে রেখে শিক্ষা প্রতিমন্ত্রী আ. ন. ম এহসানুল হক মিলন নকলের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করে বলেছেন, নকলের সঙ্গে জড়িত শিক্ষকদের এমপিও (মাসিক বেতন) বাতিল করা হবে এবং আমি যতদিন মন্ত্রী আছি ততদিন তাদের এমপিও ফিরিয়ে দেয়া হবে না।

সোমবার কুমিল্লা শিল্পকলা একাডেমীতে আয়োজিত নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে উদ্বুদ্ধকরণ কর্মসূচির আলোকে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তৃতাকালে তিনি শিক্ষকদের উদ্দেশে একথা বলেন। কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক

বাতিল ঃ পৃঃ ২ কঃ ১

## বাতিল ঃ এমপিও

(১২ পৃষ্ঠার পর)

শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মো. সফিউল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন কুমিল্লার জেলা প্রশাসক তারেকুল ইসলাম, পুলিশ সুপার এবি সিদ্দিক মজুমদার, চাঁদপুর জেলা প্রশাসক মো. আ. রব হাওলাদার, ব্রাহ্মণবাড়িয়ার অতিরিক্ত জেলা প্রশাসক মো. হানিফ প্রমুখ।